

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিছু পুরুষ আছে, যারা নিজের সকল দায়িত্ব স্ত্রীর ঘাড়ে চাপিয়ে স্বস্তি নেয়। এমনকি মার্কেট পর্যন্ত স্ত্রী নিজেই করে। এমন পুরুষ সম্বন্ধে শরীয়তের বিধান কি?

কিছু পুরুষ প্রকৃতিগতভাবে 'দাইয়ূস' বা 'ভেড়া' হয়। যারা স্ত্রীর বেপর্দা নোংরামিতেও সায় দিয়ে থাকে। তাদের ব্যাপারে রাসুল (সঃ) বলেছেন, "ভেড়া (স্ত্রী কন্যার পর্দাহীনতা ও নোংরামির ব্যাপারে ঈর্ষাহীন) ব্যক্তির দিকে আল্লাহ কিয়ামতের তাকিয়েও দেখবেন না।" ৫১৭ (নাসাঈ ২৫৬১ নং)

আর কিছু পুরুষ ততোটা না হলেও স্ত্রীর আঁচল ধরা। সে 'গাড়ল' হয়ে স্ত্রীকে 'মোড়ল' বানায়। এমন অসফল পুরুষ জানতে অথবা অজান্তে নিজেকে প্রভু স্ত্রীর 'বাধ্য গোলাম' বানায়। অথচ মহান আল্লাহ বলেন, "পুরুষ নারীর কর্তা। কারণ, আল্লাহ তাদের এককে অপরের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন এবং এ জন্য যে পুরুষ (তাদের জন্য) ধন ব্যয় করে।" (নিসাঃ ৩৪)

পাশ্চাত্য সভ্যতা ঘেঁষা এমন পুরুষরা কোনদিন দ্বীন দুনিয়ায় সফল হতে পারে না। যেহেতু মহানবী (সঃ) বলেছেন, "সে জাতি কোন দিন সফলকাম হতে পারে না, যে জাতি তাদের শাসন ক্ষমতা একজন নারীর হাতে তুলে দেয়।" ৫১৮ (বুখারী ৪৪২৫ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=397

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন